You can ask for this leaflet in large print, on audio tape or in another language. Please contact us on 020 8709 4300.

আপনি এই লিফলেটটি বড় ছাপায়, অডিও টেপে বা অন্য যে কোন ভাষায় পেতে পারেন। দয়া করে আমাদের সাথে যোগাযোগ করুন ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে। [Bengali]

Waxaad dalban kartaa warqaddan oo ku daabacan farta waawayn, iyadoo ku duuban cod ama ku tarjuman luqadaha beesha. fadlan nagala soo xidhiidh telefoonka ah 020 8709 4300. [Somali]

Możesz poprosić o tę ulotkę drukowaną dużą czcionką, w postaci zapisu audio lub w innym z języków społeczności. Skontaktuj się z nami pod numerem telefonu 020 8709 4300. [Polish]

Quý vị có thể xin tờ rơi (tờ thông tin) này bằng khổ chữ lớn, băng ghi âm hoặc tiếng nói khác trong cộng đồng. Xin vui lòng liên lạc với chúng tôi, điện thoại số 020 8709 4300. [Vietnamese]

你可要求這份單張的大字印刷本、錄音或其他社區語言的版本，請致電 020 8709 4300 與我們聯絡。 [Chinese]

آپ یہ کتابچہ بڑے حروف، آڈیو یا کسی دوسری کمیونٹی زبان میں طلب کر سکتے ہیں۔ براہ مہربانی ہم سے فون نمبر 020 8709 4300 پر رابطہ کریں۔ [Urdu]

Gateway Housing Association
409-413 Mile End Road, London, E3 4PB
Residents: 020 8709 4300
General enquiries: 020 8909 4409
Fax: 020 8709 4400
Email: enquiries@gatewayhousing.org.uk
www.gatewayhousing.org.uk

Awarded for excellence

INVESTOR IN PEOPLE

North River Alliance

আমরা আপনাদেরকে যে সার্ভিসগুলো প্রদান করব এই লিফলেটের মাধ্যমে সেসম্পর্কে তথ্য প্রদান করা হল। টেন্যান্সি এগ্রিমেন্ট অনুযায়ী আপনার যে অধিকারগুলো আছে এই লিফলেট তাতে কোন পরিবর্তন আনবে না। এই লিফলেটটি তৈরী করতে যে বাসিন্দারা সাহায্য করেছেন তাদেরকে অনেক অনেক ধন্যবাদ।

১৩

এস্টেট পার্কিং

Estate parking
– Bengali translation

gateway
housing association

আমাদের এস্টেটে পার্কিং করা

গাড়ি পার্কিং এস্টেটের প্রতিবেশীদের মধ্যে সমস্যা সৃষ্টি করে। আপনার গাড়ি রাখার সময় দয়া করে অন্যদের কথা বিবেচনায় রাখবেন।

আমাদের লক্ষ্য:

- গাড়ি রাখার জন্য পরিচ্ছন্ন ও নিরাপদ স্থান প্রদান;
- যাদের অনুমতি নেই তাদের গাড়ি পার্কিং ব্যবহার করতে না দেয়া; এবং
- আমাদের এস্টেট থেকে অব্যবহৃত গাড়ি দ্রুত সরিয়ে ফেলা।

নিচে উল্লেখিত কাজগুলো করে পার্কিং সমস্যা সমাধানে আপনি সাহায্য করতে পারেন।

- আপনার নিজের ড্রাইভ কিংবা পার্কিং স্পেসে গাড়ি রাখুন।
- আপনি ও আপনার অতিথিরা যাতে অন্য কারো পাকিং ব্যবহার না করেন তা নিশ্চিত করুন।
- এমন কোন স্থানে গাড়ি রাখবেন না যা জরুরী যানবাহন, পথচারী, হুইল চেয়ার কিংবা শিশু বহনকারী বুগি চলা চলে বাধা সৃষ্টি করে।
- সব সময় আপনার গাড়ি লক করে রাখুন।
- আমাদের লিখিত অনুমতি ছাড়া আপনি আপনার গার্ডেনে, পার্কিং এলাকায় বা স্ট্রীটে কোন ক্যারাভ্যান, মটর হোম কিংবা অন্য কোন যানবাহন রাখবেন না।
- আপনার এস্টেটে রাস্তার অনুপযুক্ত বা ট্যাক্স বিহীন কোন গাড়ি রাখবেন না।
- আপনার এস্টেটে গাড়ির বড় ধরণের কোন মেরামত করাবেন না।
- আপনার গাড়ি থেকে উচ্চ শব্দে গান বাজাবেন না।
- উচ্চ শব্দে গাড়ির দরজা বন্ধ করবেন না।
- আপনার প্রতিবেশীদের প্রতি খেয়াল রাখুন।

দয়া করে মনে রাখবেন, খারাপভাবে গাড়ি রাখলে আপনার প্রতিবেশীর অসুবিধা হতে পারে এবং তারা বিরক্ত হতে পারেন। এছাড়াও পুলিশ, ফায়ার ব্রিগেড ও এ্যাম্বুলেন্সের পথে বাধা সৃষ্টি করতে পারে।

আমরা নিচের কাজগুলো করব।

- আমাদের এস্টেটের পার্কিংগুলো যাতে আমাদের বাসিন্দা ও অনুমোদিত লোকজনই (যেমন রক্ষণাবেক্ষণে কর্মরত ব্যক্তিরা) কেবল ব্যবহার করতে পারেন তা নিশ্চিত করব।
- পার্কিং স্পেস যাতে অন্য কোন কাজে (যেমন গাড়ি মেরামতের কাজে) ব্যবহার করা না হয় তা নিশ্চিত করার জন্য আমরা নিয়মিত পরিদর্শন করব।
- অধিকাংশ বাসিন্দা চাইলে অথবা স্বাস্থ্য ও নিরাপত্তার চিন্তা করে আমরা যদি জরুরি মনে করি তাহলে আমরা কার ক্লাম্পিং বা অন্য ধরনের পাকিং নিয়ন্ত্রনমূলক ব্যবস্থা গ্রহণ করব।
- পার্কিং এলাকা পরিচ্ছন্ন রাখার জন্য আমরা সেখানে ফেলে রাখা ময়লা আবর্জনা সরিয়ে ফেলব।
- আমরা পার্কিং এলাকায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা করব এবং যত দ্রুত সম্ভব প্রয়োজনীয় মেরামতের কাজ করাব।
- আমরা ভালো মানের সার্ভিস দিয়ে যতটা সম্ভব পার্কিং সার্ভিস চার্জ কম রাখব।
- আমরা ২০ কার্য দিবসের মধ্যে পরিত্যাক্ত যানবাহন সরিয়ে ফেলব (যদি আইনগতভাবে তা সরাতে কোন বাধা না থাকে)।

পরিত্যাক্ত যানবাহন

আপনি যদি মনে করেন কোন যানবাহন পরিত্যাক্ত অবস্থায় পরে আছে তাহলে আপনার হাউজিং অফিসারকে তা জানান। যানবাহনটি কার তা তিনি তদন্ত করে দেখবেন। তারপরে তারা বাহনটি সরিয়ে ফেলার নোটিশের জন্য কাউন্সিলের কাছে আবেদন করবেন।

যত দ্রুত সম্ভব কাউন্সিল সেটি সরিয়ে ফেলবে। এটি যদি চুরি যাওয়া বাহন হয় তাহলে পুলিশ এটিকে সরিয়ে ফেলবে।

পার্কিং অনুমতির জন্য আবেদন

পার্কিং-এর উপর নিয়ন্ত্রন আছে (যেমন ক্লাম্পিং) এমন এলাকায় বাস করলে আপনি হাউজিং অফিসারের সাথে যোগাযোগ করে পার্কিং অনুমতির জন্য আবেদন করতে পারেন। এই অনুমতি বলে আপনি নির্দিষ্ট পার্কিং এলাকায় গাড়ি রাখতে পারবেন।

তবে অনেক সময় পার্কিং স্পেসের তুলনায় গাড়ির সংখ্যা বেশি থাকে। সেক্ষেত্রে যখন পার্কিং স্পেস পাওয়া যাবে তখন পার্কিং অনুমতি দেয়া হবে।

গাড়ি পরিবর্তন করলে অবশ্যই আপনি আপনার হাউজিং অফিসারকে তা জানাবেন যাতে আমরা আপনাকে নতুন অনুমতি পাঠাতে পারি।

এছাড়াও আপনি আপনার হাউজিং অফিসারের কাছ থেকে ভিজিটর পার্কিং পারমিট নিতে পারেন।

'কার-ফ্রি' চুক্তি

আপনার বাড়ি ১৯৯০ সালের পরে নির্মিত হলে তা 'কার-ফ্রি' চুক্তির জন্য প্রযোজ্য হতে পারে। যখন বাড়ি নির্মিত হয়েছিল তখনকার পরিকল্পনা চুক্তির অংশ হিসাবে এটি বিবেচিত হবে। এর অর্থ হচ্ছে আপনি আপনার বাড়ির পাশের রাস্তায় গাড়ি রাখার জন্য কাউন্সিল থেকে কোন অনুমতি পাবেন না। তবে আপনার যদি পার্কিং অনুমতি থাকে এবং বাড়ি ভেঙ্গে ফেলার জন্য আপনি কোন কার-ফ্রি বাড়িতে স্থানান্তর হন কিংবা ডিসএবলড পার্কিং-এর জন্য আপনার 'অরেঞ্জ ব্যাজ' থাকে তাহলে আপনি আপনার পার্কিং অনুমতি রাখতে পারবেন। কিছু 'কার-ফ্রি' ব্লোকে এস্টেট বা ব্যক্তিগত পার্কিং থাকলেও তা সকল হাউজহোল্ডের জন্য যথেষ্ট নয়।

ডিসএবলড পার্কিং

আপনার ব্লু বা নীল ব্যাজ (যা ডিসএবলড লোকদের জন্য নির্ধারিত স্থানে গাড়ি রাখার অনুমতি দেয়) থাকলেও আপনাকে এস্টেটে পার্কিং-এর বৈধ অনুমতির জন্য আমাদের কাছে আবেদন করতে হবে।

অনুমতি ছাড়া পার্কিং করলে কি হবে?

আমাদের পার্কিং নিয়ন্ত্রন আছে এমন কোন এস্টেটে আপনি যদি গাড়ি রাখেন এবং আপনার কোন বৈধ অনুমতি না থাকে তাহলে আপনাকে জরিমানা দিতে হবে এবং আপনার গাড়িতে ক্লাম্প লাগানো হতে পারে ও তা সরিয়ে নেয়া হতে পারে।

বিস্তারিত জানার জন্য আপনার হাউজিং অফিসারকে ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে ফোন করুন।